# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**11 JULY 2025** **7:45—7:55 PM IST**

==================================================================

১) সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থায় নতুন করে নিযুক্তি লাভ করা ৫১ হাজারেরও অধিক যুবক -যুবতীকে আগামীকাল রোজগার মেলার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে নিযুক্তিপত্র বিতরন ।

২) মৃত ব্যাক্তির দেহ পরিবারের কাছে সমঝে দিতে অস্বীকার করা ব্যাক্তিগত হাসপাতালের ওপর ব্যাবস্থা গ্রহণের মন্ত্রীসভার সিদ্ধান্তকে সমাজের বিভিন্ন শ্রেণীর লোকের স্বাগত ।

৩) বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিশ্ব জনসংখ্যা দিবস পালন ।

এবং

৪) রাজ্যের মূখ্যসচিব ড.রবি কোটা চারদিনের বরাক উপত্যকা সফরসূচী নিয়ে আজ শ্রীভূমি জেলায় ।

---------------------------------------------------------------------------------------

সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থায় নতুন করে নিযুক্তি লাভ করা ৫১ হাজারেরও অধিক যুবক -যুবতীকে আগামীকাল রোজগার মেলার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে নিযুক্তিপত্র প্রদান করা হবে । এ উপলক্ষ্যে ভি ডি ও কনফারেন্সিং ব্যাবস্থার মাধ্যমে আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিযুক্তিপত্রগুলি বিতরণ করবেন ।

এই অনুষ্ঠানে তিনি নবনিযুক্ত প্রার্থীদের উদ্দেশ্যে ভাষণ দেবেন । উল্লেখ্য নতুন করে নিযুক্তি লাভ করা যুবক-যুবতীদের নিযুক্তিপত্র বিতরণের লক্ষ্যে আগামীকাল দেশের ৪৭ টি স্থানে ষোড়শ রোজগার মেলার আয়োজন করা হয়েছে । এই অনুষ্ঠানে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগসমূহে নতুন করে প্রার্থীকে নিযুক্তি দেবার ব্যাবস্থা করা হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলের পৃষ্ঠপোষকতায় আগামীকাল শিলচর , গৌহাটী , ডিমাপুর  এবং শিলিগুড়িতে সকাল সাড়ে ১০ টা থেকে এই রোজগার মেলার আয়োজন করা হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলের গৌহাটীর মালিগাঁওয়ে থাকা মূখ্য কার্যালয় রং ভবনে অনুষ্ঠেয় রোজগার মেলায় কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহন এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল উপস্থিত থাকবেন । ডিমাপুরে অনুষ্ঠেয় রোজগার মেলায় সংসদীয় পরিক্রমা মন্ত্রী  কিরেন রিজিজু অংশগ্রহণ করবেন । দেশের বিভিন্ন স্থান থেকে নিযুক্তি লাভ করা এই প্রার্থীরা রেল ,স্বরাষ্ট্র পরিক্রমা ,স্বাস্থ্য  ও পরিবার কল্যাণ শ্রম ও নিযুক্তি ,ডাক বিভাগ সহ কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ে যোগদান করবে । সরকারী তথ্য অনুসারে  এপর্যন্ত রোজগার মেলার মাধ্যমে ১০ লক্ষেরও অধিক যুবক-যুবতীকে নিযুক্তি দেওয়া হয়েছে । রোজগার মেলার এই ব্যবস্থা কর্ম সংস্থাপনের সৃষ্টিকে অগ্রাধিকার প্রদানের জন্য প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি রক্ষার পদক্ষেপ হিসেবে পরিগণিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাজ্যের ব্যাক্তিগত হাসপাতালে মৃত ব্যাক্তির দেহ বিলের সম্পূর্ন অর্থ আদায় না করা পর্যন্ত নিকটাত্মীয়ের কাছে সমঝে দিতে অস্বীকার করা ব্যাক্তিগত হাসপাতালের ওপর ব্যাবস্থা গ্রহণের মন্ত্রীসভার সিদ্ধান্তকে সমাজের বিভিন্ন শ্রেণীর লোকেরা স্বাগত জানিয়েছে ।

এ বিষয়ে একটি প্রতিবেদন-------

---------------------------------------------------------------------------------

দেশে ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস-- ( ইউ পি আই ) ব্যাবস্থা কার্যকর করার জন্য অন্যান্য যেকোনও দেশের তুলনায় অর্থ লেনদেন প্রক্রিয়া ত্বরান্বিত হয়েছে বলে আর্ন্তজাতিক মুদ্রা নিধি ( আই এম এফ ) জানিয়েছে ।  সংস্থা একথা জানিয়ে বলেছে যে ইউ পি আই ব্যাবস্থা  ভারতে ডিজিটেল লেনদেনের ক্ষেত্রে ব্যাপক সংস্কার সাধন করেছে ।২০১৬ সালে এই ব্যাবস্থা প্রথম চালু করার পর থেকে তাৎক্ষণিকভাবে  অর্থ লেনদেন করার ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলে উল্লেখ করে আই এম এফের

পক্ষ থেকে জানানো হয়েছে যে এই ব্যাবস্থা ইউ পি আই ব্যাবহারকারীদের সামর্থ তথা অভিজ্ঞতাও বৃদ্ধি করেছে ।

----------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব জনসংখ্যা দিবস । সমগ্র বিশ্বে জনসংখ্যা বৃদ্ধির ফলস্বরুপ উদ্ভুত প্রত্যাহ্বান ও সুযোগ সুবিধার প্রতি লক্ষ্য রেখে প্রতিবছর ১১ ই জুলাই এই দিবস পালন করা হয় । পরিবেশ তথা উন্নয়ন সহ জনসংখ্যার সংগে জড়িত বিষয়গুলির ক্ষেত্রে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদ ১৯৯০ সালের ডিসেম্বরে একটি প্রস্তাবের মাধ্যমে বিশ্ব জনসংখ্যা দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করে । ১৯৯০ সালের ১১ ই জুলাই বিশ্বে ৯০ টির বেশী দেশে প্রথমবারের মতো এই দিবস পালন করা হয়েছিল । এবারের এই দিবসের মূল বিষয় হলো মাতা ও শিশু উভয়ের সুস্বাস্থ্য ও কল্যাণের জন্যে গর্ভধারণের মধ্যে সময়ের উপযুক্ত ব্যবধান ।

বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে সামাজিক মাধ্যমে প্রচার করা এক বার্তায় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা বলেন যে পরিবার পরিকল্পনা সম্পর্কে সচেতনতা সৃষ্টি সহ জনসংখ্যা বৃদ্ধির ফলে উদ্ভুত প্রতাহ্বানগুলির মুখোমুখী হোয়ার দায়বদ্ধতার প্রতি লক্ষ্য রেখে ভারতে এই দিবস পালন করে আসা হচ্চে ।

এদিকে রাজ্যের বেশ কয়েকটি জেলায় আজ বিশ্ব জনসংখ্যা দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী গ্রহণ করা হয় । কাছাড় জেলায় ও আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে বিশ্ব জনসংখ্যা পালন করা হয় । আজ শিলচর আরবান পি এইচ সিতে কাছাড় জেলা স্বাস্থ্যসমিতি ও ন্যাশনেল হেলথ মিশন ( এন এইচ এম) এর উদ্যোগে নানা কার্যসূচীর মাধ্যমে বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয় । অনুষ্ঠানে কাছাড়ের আয়ুক্ত তথা জেলা স্বাস্থ্য সমিতির সভাপতি মৃদুল যাদব প্রধান অতিথির ভাষনে বলেন যে আমাদের যুবপ্রজন্ম একটি সুস্থ ও ন্যায়সংগত ভবিষ্যতের চাবিকাঠি । তাদের সংশ্লিষ্ট তথ্য ও স্বাস্থ্যসেবা পৌছে দিয়ে সচেতন ও দায়িত্বশীল সিদ্ধান্ত নেয়ার ক্ষমতায়ন করা আমাদের সামাজিক দায়িত্ব ।যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডা: শিবানন্দ রায় জনসংখ্যা সম্পর্কিত প্রতাহ্বানগুলি লিংগ , সমতা , শিক্ষা ও অর্থনৈতিক সুযোগের সংগে ওতপ্রোতভাবে জড়িত বলে উল্লেখ করে পরিবার পরিকল্পনা কাযসূচীগুলি আরো শক্তিশালী করার ওপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন ।

অনুষ্ঠানে জেলা প্রশাসন ও রোটারী ক্লাবের মধ্যে একটি সমঝোতা চুক্তি সাক্ষরিত হয় । এর অধীনে কুম্ভা চাবাগানকে এক বছরের জন্য দত্তক নিয়ে সেখানকার শ্রমিক ও তাদের পরিবারের জন্য উন্নত স্বাস্থ্যসেবা নিশ্চিত করার প্রয়াস গ্রহণ করা হয় ।

----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলার স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জনসংখ্যা বৃদ্ধির ফলে উদ্ভুত বিভিন্ন সমস্যা সর্ম্পকে জনসচেতনতা গড়ে তুলতে সারথী ভেন নামের একটি প্রচার গাড়ির যাত্রা শুরু হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতে পতাকা নেড়ে প্রচার গাড়ির যাত্রার সূচনা করেন । উল্লেখ্য প্রচার গাড়িটি আগামী ২৪শে জুলাই পর্য্যন্ত ঘরে ঘরে গিয়ে জনসংখ্যা নিয়ন্ত্রনে জনসাধারনকে সচেতন করবে ।

--------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলায় ও আজ বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং-এর পৌরহিত্যে আজ করিমগঞ্জ সিভিল হাসপাতালে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

--------------------------------------------------------------------------------

লালা ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ও লায়ন্স ক্লাব অব লালার যৌথ উদ্যোগে আজ লালায় বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব জনসংখ্যা দিবস পালন করা হয়েছে । লালা ব্লক প্রাথমিক স্বাস্থ্য আধিকারীক ডা: অমলেন্দু দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় পরিবার পরিকল্পনার বিভিন্ন দিক নিয়ে নুরুল মজুমদার , রথীন্দ্র নাথ , হিফজুর রহমান লস্কর প্রমূখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । বিশ্ব জনসংখ্যা দিবসের আজকের অনুষ্ঠানে পাঁচজন এ এন এম কর্মীকে সংবর্ধনা জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের মূখ্যসচিব ড.রবি কোটা চারদিনের বরাক উপত্যকা সফরসূচী নিয়ে আজ বিকেলে শ্রীভূমি জেলায় এসেছেন । শ্রীভূমিতে বিভিন্ন সরকারী কার্যসূচীতে অংশ নিয়ে সেখানে তিনি আজ রাত কাটাবেন । আগামীকাল তিনি হাইলাকান্দি জেলা সফর করে সড়ক নির্মাণ সংস্থা এন এইচ আই ডি সি এলের কাজ এবং জমি অধিগ্রহণ সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখবেন । এরপর বিকেল পাঁচটায় তিনি বিভিন্ন  সরকারী বিভাগের পর্যালোচনা বৈঠকে অংশ নেবেন । সন্ধ্যা ছয়টায় মূখ্যসচিব সুশীল সমাজের প্রতিনিধিদের সঙ্গে মিলিত হবেন । আগামীকাল হাইলাকান্দিতে রাত কাটিয়ে রবিবার সকাল নয়টায় হাইলাকান্দি সার্কিট হাউসের নির্মাণ কাজ খতিয়ে দেখবেন । এরপর তিনি জেলায় ভারত মালা প্রকল্পের  এবং সিভিল হাসপাতাল সহ আরো কিছু প্রকল্পের কাজ সরেজমিনে খতিয়ে দেখবেন । রবিবার বেলা ১২ টা নাগাদ মূখ্যসচিব ড.রবি কোটা শিলচর আসবেন বলে হাইলাকান্দির তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শিলচরের ৭২০ টাইকুন্ডো এন্ড ফিটনেস একাডেমীর উদ্যোগে শিলচর আর্বত ভবন সংলগ্ন একটি বিবাহ ভবনে পঞ্চম আন্ত ক্লাব টাইকুন্ডু প্রতিযোগীতা আগামী ১৯শে জুলাই থেকে শুরু হবে । প্রতিযোগীতায় চার থেকে ৫০ বছর বয়সের প্রতিযোগীরা আগামী ১৩ই জুলাই-র মধ্যে নাম নথিভুক্ত করতে পারবেন । প্রতিযোগীতায় রাজ্যের বিভিন্ন জেলা থেকে প্রায় পাঁচশ জন প্রতিযোগী অংশ গ্রহন করবেন ।

------------------------------------------------------------------------------------

ভারত বিকাশ পরিষদের ৬৩তম প্রতিষ্ঠা দিবস গতকাল শিলচরে বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে । সংস্থার শিলচর শাখার সভাপতি জ্যোর্তিময় দত্তের পৌরহিত্যে আয়োজিত সভায় সমাজে উৎকৃষ্ট অবদানের জন্য রাজ্য হকি কোচ সমর কৃষ্ণ নাথ ও শিলচর শ্মশানে শব দাহ কার্য্যে নিবেদিত ব্যাক্তি লক্ষন রবিদাসকে সংবর্ধনা জানানো হয় । প্রতিষ্ঠা দিবসে ডক্টর সত্য রঞ্জন ভট্টাচার্য্য , অংশু কুমার রায় , রজত ঘোষ প্রমূখ বক্তব্য রাখেন ।

------------------------------------------------------------------------------------